

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৩৫

কাঞ্চনপুর, ৯ ফেব্রুয়ারি, ২০২৪

কাঞ্চনপুরে মৎস্য জ্ঞানার্জন কেন্দ্রের নবনির্মিত ভবনের উদ্বোধন

মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করে তোলার

লক্ষ্যে উদ্যোগ নেওয়া হয়েছে : মৎস্যমন্ত্রী

মৎস্য উৎপাদনে রাজ্যকে স্বনির্ভর করে তোলার লক্ষ্যে উদ্যোগ নেওয়া হয়েছে। এই লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করছে। আজ কাঞ্চনপুরে মৎস্য জ্ঞানার্জন কেন্দ্রের নবনির্মিত ভবনের উদ্বোধন করে মৎস্যমন্ত্রী সুধাংশু দাস একথা বলেন। মৎস্যমন্ত্রী এদিন কাঞ্চনপুরের লালজুরিতে ৩৫০ আসন বিশিষ্ট কমিউনিটি হলেরও উদ্বোধন করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্যমন্ত্রী সাত্ত্বনা চাকমা। মৎস্য জ্ঞানার্জন কেন্দ্রের নবনির্মিত ভবনের উদ্বোধন করে মৎস্যমন্ত্রী বলেন, যে সমস্ত জলাশয় অব্যবহৃত অবস্থায় পড়ে রয়েছে সেগুলিকে মাছচাষের কাজে লাগানোর জন্য দপ্তর উদ্যোগ নিয়েছে। রাজ্যে এমন ১,৫০০ হেক্টর জলাশয়কে চিহ্নিত করা হয়েছে। তবে শুধু মাছচাষই নয়, মৎস্যচাষীরা যাতে বিভিন্ন জলাশয় ও পুকুরের মাছ বিক্রি করতে পারেন সেজন্যও মৎস্য দপ্তরের পক্ষ থেকে তাদের নানাভাবে সহায়তা করা হচ্ছে।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্যমন্ত্রী বলেন, আত্মনির্ভর ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যে কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করছে। এই লক্ষ্যে সাধারণ মানুষের স্বার্থে বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন স্কিল ডেভেলপমেন্ট দপ্তরের অধিকর্তা সঞ্জয় চক্রবর্তী। সভাপতিত্ব করেন লালজুরি ব্লকের বিএসির চেয়ারম্যান অজন্তা কুমার চৌধুরী।
